# বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর এর
# Backlog পরীক্ষা পদ্ধতি নীতিমালা

| | |
|---|---|
| ০১. | যে সকল F Grade প্রাপ্ত Course 2nd Time Improvement পরীক্ষা দেওয়ার পরও Improved করতে পারেনি, এরকম course Backlog Course হিসেবে বিবেচিত হবে। |
| ০২. | Backlog পদ্ধতি একটি বিশেষ পরীক্ষা বা Carry-over পদ্ধতি যেখানে পরীক্ষার্থী F গ্রেড Clear করার একবারই সুযোগ পাবে । |
| ০৩. | Backlog পরীক্ষা একটি ব্যাচের জন্য তাদের ৪র্থ বর্ষ ২য় সেমিস্টার পরীক্ষার রেজাল্টের পর অনুষ্ঠিত হবে। |
| ০৪. | ৪র্থ বর্ষ ২য় সেমিস্টার পরীক্ষার রেজাল্টের পর বিভাগের একাডেমিক কমিটির সিদ্ধান্তের ভিত্তিতে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে বিভিন্ন কোর্সের জন্য একটি Backlog পরীক্ষা Schedule তৈরি হবে। |
| ০৫. | প্রতিবছর Backlog পরীক্ষার জন্য একটি করে আলাদা Backlog পরীক্ষা কমিটি অন্যান্য পরীক্ষা কমিটির মত নিয়ম অনুযায়ী গঠিত হবে। |
| ০৬. | Backlog পরীক্ষার কমিটির সভাপতি হবেন সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধান/বিভাগের একজন জ্যেষ্ঠ শিক্ষক। |
| ০৭. | ৪র্থ বর্ষ ২য় সেমিস্টার ফাইনাল রেজাল্টের পর ০২ সপ্তাহের মধ্যে শুধুমাত্র F গ্রেড প্রাপ্ত শিক্ষার্থীরা Backlog পরীক্ষা দেয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর বিভাগে আবেদন করবে। পরবর্তীতে শিক্ষার্থীর আবেদনপত্র যাচাই-বাছাই করে ৮ সপ্তাহের মধ্যে Backlog পরীক্ষা কমিটি পরীক্ষা গ্রহণ সম্পন্ন করার ব্যবস্থা করবে। |
| ০৮. | ৪র্থ, ৩য়, ২য় ও ১ম বর্ষের শিক্ষার্থীরা পরবর্তী ব্যাচে ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে কৃতকার্য (F Clear) না হলে তারা পূণরায় পরবর্তী ব্যাচে আবারো ফাইনাল পারীক্ষায় অংশগ্রহণ করে পূণরায় কৃতকার্য (F Clear) না হলে Backlog পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে শুধুমাত্র ৪র্থ বর্ষের শিক্ষার্থীরা আবেদন করলে পরবর্তী ব্যাচের সাথে Improvement না দিয়ে সরাসরি Backlog পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। আবার শুধুমাত্র ৩য় বর্ষের শিক্ষার্থীরা পরবর্তী ব্যাচে ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে কৃতকার্য না হলে তারা আবারো পরবর্তী ব্যাচে ফাইনাল পারীক্ষায় অংশগ্রহণ না করে সরাসরি Backlog পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবে। |
| ০৯. | ৪র্থ বর্ষ ২য় সেমিস্টারের ফলাফল ঘোষনার পরে সর্বোচ্চ ১৮ ক্রেডিট পর্যন্ত তত্ত্বীয় পরীক্ষায় Backlog থাকতে পারবে। |
| ১০. | Backlog পরীক্ষায় একবারের বেশি অংশগ্রহণ করা যাবে না। |
| ১১. | Backlog পরীক্ষা হিসেবে শুধুমাত্র ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হবে। শিক্ষার্থীরা নিজে অধ্যয়ন করে পরীক্ষায় অংশগ্রহণ করবে অর্থাৎ কোন কোর্স শিক্ষক নিয়োগ করা হবে না। |
| ১২. | পূর্বের Continuous Assessment এর নম্বরটি গণ্য করা হবে। |
| ১৩. | এক সেমিস্টারে ৯ ক্রেডিটের অতিরিক্ত Backlog রাখা যাবেনা। অর্থাৎ কোন পরীক্ষার্থী ৯ ক্রেডিট পর্যন্ত F গ্রেড প্রাপ্ত হলেও পরবর্তী সেমিস্টারে প্রমোশন পাবে। |
| ১৪. | শুধুমাত্র F গ্রেড প্রাপ্ত শিক্ষার্থীরা Backlog পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। |
| ১৫. | Backlog পরীক্ষায় অংশগ্রহণ করে সংশ্লিষ্ট কোর্সে সর্বোচ্চ প্রাপ্ত গ্রেড B+ (Plus) এর অধিক হবেনা। |
| ১৬. | ফরম ফিলাপের ক্ষেত্রে Backlog পরীক্ষায় অংশগ্রহণের ফি সাধারণ পরীক্ষার ফি এর ৩ গুণ হবে। |
| ১৭. | ২০২০-২১ শিক্ষাবর্ষ থেকে Backlog পরীক্ষা পদ্ধতি কার্যকর হবে। |

নোটঃ

১. Backlog পরীক্ষা পদ্ধতি প্রয়োগে পরবর্তী বাস্তবতা, বাস্তবায়ন এবং সমস্যা পরিলক্ষিত হলে সংশোধন পরিমার্জন ও বাতিল করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

২. অত্র বিশ্ববিদ্যালয়ের বর্তমান Rules and Regulations for Four Year Bachelor Degree Programme (Semester System) এর Clause 15. 16 (F) নম্বর ধারা স্থগিত বা রহিত বা সংশোধন করলে Backlog পরীক্ষা পদ্ধতি বাস্তবায়ন যোগ্য হবে (কপি সংযুক্ত)।